দৈনিক বাংলা

তারিখ 01 FEB 1997
পৃষ্ঠা ৫ কলাম ২

16

# বেসরকারী শিক্ষক ও ইবতেদায়ী মাদ্রাসার বেতন ভাতার সরকারী অংশ সম্পর্কে জ্ঞাতব্য

পবিত্র ঈদুল ফিতরের পূর্বেই বন্টনের উদ্দেশ্যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান-সমূহের শিক্ষক-কর্মচারীদের জানুয়ারী মাসের বেতন ভাতার সরকারী অংশের টাকার চেক গত ২৬ জানুয়ারী অগ্রণী/জনতা/সোনালী/রূপালী ব্যাংকের প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান-গণকে এ টাকা আগামী ৮ ফেব্রুয়ারীর মধ্যে নিজ নিজ শাখা ব্যাংক হতে সংগ্রহ করতে হবে।

সংগত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্থ বৎসরের পূর্ববর্তী মাসের (জুন/৯৬ইং হতে ডিসেম্বর/৯৬ইং) টাকা পূর্ব নির্ধারিত সময়ে উত্তোলন করতে পারেননি তাঁরাও এ টাকা এ সময়সীমার মধ্যে উত্তোলন করতে পারবেন।

উল্লেখ্য, স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা-সমূহের শিক্ষকগণের বেতন বিলে স্বাক্ষর করার জন্য থানা পর্যায়ের কোন কর্মকর্তা সরকার কর্তৃক মনোনয়ন না দেয়া পর্যন্ত থানা নির্বাহী কর্মকর্তাগণকে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসাসমূহের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে বিলে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হয়েছে বলে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হল।

আসন্ন ঈদুল ফিতরের পূর্বেই ইবতেদায়ী শিক্ষকগণ বেতন ভাতার সরকারী অংশ পেতে পারেন সে লক্ষ্যে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসাসমূহের টাকা উত্তোলনের সময়সীমা আগামী ১৫ ফেব্রুয়ারী পর্যন্ত বর্ধিত করা হয়েছে।